বাংলা বিভাগ অ্যালামনাই
রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রধান কার্যালয়: কক্ষ ১৪৬, শহীদুল্লাহ কলাভবন, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

তারিখ : ১২-১১-২০১৭
সভার স্থান: ১৫০ নং কক্ষ,
বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

**কার্যনির্বাহী পরিষদের দশম সভার কার্যবিবরণী**

বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয় এর কার্যনির্বাহী পরিষদের দশম সভা বর্ধিত সভা হিসেবে ১২ নভেম্বর,২০১৭ রবিবার দুপুর ১২টায় শহীদুল্লাহ কলাভবনের ১৫০ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলা বিভাগ অ্যালামনাই এর সভাপতি কবি আপেল আবদুল্লাহ। সভা পরিচালনা করেন বাংলা বিভাগ অ্যালামনাই এর সাধারণ সম্পাদক প্রফেসর ড. পি এম সফিকুল ইসলাম। সভায় সংগঠনের প্রধান উপদেষ্টা ড. আবদুল খালেকসহ উপদেষ্টাগণ কার্যনির্বাহী পরিষদ ও সাধারণ পরিষদের সদস্যগণ উপস্থিত ছিলেন।

আলোচ্যসূচি অনুযায়ী দ্বি-বার্ষিক সাধারণ সভার তারিখ নির্ধারণ ও নির্বাচন সংক্রান্ত, গঠনতন্ত্র অনুযায়ী নির্বাচন পরিচালনা কমিটি/নির্বাচন কমিটি গঠন সংক্রান্ত ,দর্শনীর বিনিময়ে কবিতাপাঠ, আবৃত্তি, লালনের গান ও কবিগান অনুষ্ঠানের আয়-ব্যয় সংক্রান্ত এবং বিবিধ বিষয়ে সভায় বিস্থারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্তসমূহ :

১। জাঁকজমকভাবে প্রথম সম্মিলনের মতো দ্বিতীয় সম্মিলন অনুষ্ঠানের জন্য নিবন্ধণকৃত সদস্যদের মধ্যে মহিলাদের জন্য শাড়ি এবং পুরুষদের জন্য পাঞ্জাবিসহ সম্মিলন ব্যাগ ও স্যুভেনির প্রদানের সিদ্ধান্ত হয়। এ ব্যাপারে কার্যনির্বাহী পরিষদের পরবর্তী সভায় ঢাকায় বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করা হবে।

২। বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয় দ্বিবার্ষিক সম্মেলন আগামী ৮ ও ৯ মার্চ ২০১৮ অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া হয়। সভায় সদস্যদের নিবন্ধন ফি একক দেড় হাজার টাকা, স্বামী-স্ত্রীসহ দু'হাজার টাকা নির্ধারণ করা হয়। তবে স্বামী-স্ত্রী দুজনে সংগঠনের সদস্য হলে তাঁরা দুজনেই দেড় হাজার টাকা দিয়ে পৃথক পৃথক ভাবে নিবন্ধন করবেন। যদি কোন সদস্যের স্বামী বা স্ত্রী সংগঠনের সদস্য না হয়েও অ্যালামনাই পোশাক ও সম্মিলন ব্যাগ ও স্যুভেনির সংগ্রহ করতে চান তাহলে তাঁদের আড়াই হাজার টাকা দিয়ে নিবন্ধন করতে হবে। বর্তমান ছাত্রছাত্রীদের নিবন্ধন ফি ৯০০ টাকায় নির্ধারণ করা হয়।

৩। গঠনতন্ত্র অনুযায়ী আসন্ন সম্মিলনে কার্যনির্বাহী পরিষদ গঠনের জন্য নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হয়। এ কমিটি গঠনতন্ত্র অনুযায়ী প্রয়োজনে নির্বাচন কমিশন হিসেবে কাজ করবে। কমিটি হবে নিম্নরূপ:

| | |
|---|---|
| ক. প্রফেসর ড. স্বরোচিষ সরকার | আহবায়ক |
| খ. প্রফেসর ড. আবুল হাসান চৌধুরী | সদস্য |
| গ. ড. মাসুমা খানম | সদস্য |

৪। বার্ষিক সম্মিলন ব্যয়বহুল হবে বিধায় সভায় সদস্যদের কাছ থেকে অনুদান প্রদানের আহ্বান জানানো হলে সদস্যগণ নিম্নরূপ অনুদান প্রদানের অঙ্গীকার করেন।

| ক্র:নং | নাম | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | আপেল আবদুল্লাহ | ২৫০০০/- |
| ০২ | ড. পি এম সফিকুল ইসলাম | ২৫০০০/- |
| ০৩ | ড. অনীক মাহমুদ | ১৫০০০/- |
| ০৪ | ড. আমিনুর রহমান সুলতান | ১০০০০/- |
| ০৫ | জামিল রায়হান | ১০০০০/- |
| ০৬ | মাহমুদ হাসান | ১০০০০/- |
| ০৭ | কামরুল ইসলাম শান্ত | ১০০০০/- |

| | | |
|---|---|---|
| ০৮ | রেজাউল হক শান্তি | ৫০০০/- |
| ০৯ | বেলায়েত হোসেন বাবলূ | ৫০০০/- |
| ১০ | ড. স্বরোচিষ সরকার | ৩০০০/- |
| ১১ | মনিরুল ইসলাম | ৫০০০/- |
| ১২ | শিলু রহমান | ৫০০০/- |
| ১৩ | ড. শহীদ ইকবাল | ৫০০০/- |
| ১৪ | কামরুজ্জামান গোপন | ৫০০০/- |
| ১৫ | তারিক-উল ইসলাম | ৫০০০/- |
| ১৬ | ব্রাইনির ইসলাম | ৫০০০/- |
| ১৭ | ডালিয়া নাসরিন | ৫০০০/- |
| ১৮ | মাহবুব আলম | ৩০০০/- |
| ১৯ | নূরে এলিস আখতার জাহান | ২০০০/- |
| ২০ | সুমাইয়া খানম | ২০০০/- |
| ২১ | ড. নাসিমা খাতুন | ২০০০/- |
| ২২ | রকিবুজ্জামান সুজন | ২০০০/- |
| ২৩ | রাজিব হায়দার সবুজ | ২০০০/- |
| ২৪ | ফাহমিদা পলি | ২০০০/- |
| ২৫ | ফারজানা আক্তার মাধুরী | ২০০০/- |
| | মোট | ১,৭০,০০০/= |

কথায়-(এক লক্ষ সত্তর হাজার টাকা মাত্র)

এ ছাড়া, সংগঠনের প্রধান উপদেষ্টা নিজের ইচ্ছামতো অনুদান প্রদান করবেন।

৫। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের প্রতি দ্বিবার্ষিক সম্মিলনে কবি আমিনুর রহমান সুলতান তাঁর বাবার নামে 'নাট্যশিল্পী আজিজুর রহমান স্মৃতি পুরস্কার' প্রদানের ঘোষণা দেন। গঠনতন্ত্রের বিধান অনুযায়ী বাংলা বিভাগ অ্যালামনাই দ্বি-বার্ষিক সম্মিলনে এ পুরস্কারের জন্য প্রার্থী মনোনয়ন ও প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। এ পুরস্কারের মূল্যমান হবে নগদ দশ হাজার টাকা। এছাড়া ক্রেষ্ট ও সম্মাননা পত্র প্রদান করা হবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ প্রথম বর্ষ থেকে চতুর্থ বর্ষ সম্মান পর্যন্ত অধ্যায়নরত ছাত্র-ছাত্রীদের নাটক লেখা, পরিচালনা, অভিনয়, মঞ্চায়নসহ নাট্য সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শিতার জন্য এ পুরস্কার দেয়া হবে।

৬। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের প্রতি দ্বিবার্ষিক সম্মিলনে কবি জামিল রায়হান তাঁর প্রয়াত সহধর্মিনী বাংলা বিভাগের প্রাক্তন মেধাবী ছাত্রীর নামে 'শাহিদা পারভীন স্মৃতি পদক' প্রদানের ঘোষণা দেন।গঠনতন্ত্রের বিধান অনুযায়ী বাংলা বিভাগ অ্যালামনাই দ্বি-বার্ষিক সম্মিলনে এ পুরস্কারের জন্য প্রার্থী মনোনয়ন ও প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। এ পুরস্কারের মূল্যমান হবে নগদ দশ হাজার টাকা। কবিতা, গল্প, লিটল ম্যাগাজিন সম্পাদনা, আবৃত্তি, সঙ্গীতসহ সৃজনশীল কাজে বিশেষ পারদর্শিতার জন্য এ পুরস্কার দেয়া হবে।

৭। উল্লেখ্য যে, 'নাট্যশিল্পী আজিজুর রহমান স্মৃতি পুরস্কার' 'শাহিদা পারভীন স্মৃতি পদক' এবং মোশতাক দাউদী লিটল ম্যাগ পুরস্কারের অর্থের পরিমান গঠনতন্ত্রের উল্লিখিত সীমার চেয়ে কম। ছাত্র-ছাত্রীদের মধ্যে সৃজনশীল কাজে উৎসাহ ও প্রতিযোগিতামূলক মনোভব সৃষ্টির জন্য এসব পদক ও পুরস্কারের স্পনসরদের পুরস্কারের পরিমান ভবিষ্যতে ২৫,০০০/- (পচিঁশ হাজার মাত্র) টাকা পর্যন্ত বৃদ্ধির শর্ত সাপেক্ষে এ পুরস্কার তিনটি ২০১৮ সাল থেকেই প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়।

৮। ১১ নভেম্বর ২০১৭ অনুষ্ঠিত 'দর্শনীর বিনিময়ে কবিতাপাঠ, আবৃত্তি, লালনের গান ও কবিগান' অনুষ্ঠানের প্রাথমিক আয় ব্যয়ের চিত্র তুলে ধরা হয়। আয় ব্যয়ের ঘাটতি পূরণের জন্য সভাপতি ২০,০০০ টাকা এবং সাধারণ সম্পাদক ২০,০০০ টাকা অনুদান প্রদান করবেন মর্মে সভায় সিদ্ধান্ত হয়। এছাড়া এ অনুষ্ঠানের জন্য কবি জামিল রায়হান ১০,০০০ টাকা বিজ্ঞাপন অনুদান, ড. আমিনুর রহমান সুলতান ৫০০০ টাকা এবং জনাব

আমিরুল ইসলাম ২০০০ টাকা অনুদান প্রদান করায় তাঁদের ধন্যবাদ জানানো হয়। আয়-ব্যয়ের সামগ্রিক চিত্র পাবার পর কার্যনির্বাহী পরিষদের পরবর্তী সভায় তা অনুমোদনের সিদ্ধান্ত হয়।

৯। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সদস্য চাঁদার ফিক্সড ডিপোজিটের অর্থ অন্যরূপ সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত পূর্বের ধারাবাহিকতায় প্রতিবছরের মেয়াদের শেষে পরের এক বছরের জন্য মেয়াদ বৃদ্ধি করতে হবে। যা স্বয়ংক্রিয় ভাবে পরবর্তী প্রতিবছরের জন্য বলবৎ থাকবে। এছাড়া, সদস্য চাঁদার অবশিষ্ট অর্থ যা ব্যাংক হিসাবে জমা আছে সে অর্থও বছর শেষে ফিক্সড ডিপোজিট করতে হবে।

১০। সভায় সাধারণ সম্পাদকের প্রস্তাব অনুযায়ী প্রফেসর ড. আবদুল খালেক এর আশি বছর পূর্তি উৎসব ভিন্নভাবে ২৫ জানুয়ারি রাজশাহীতে উদযাপনের সিদ্ধান্ত নেয়া হয়। একই সময়ে অর্থাৎ ২৬ জানুয়ারি সকাল ১০:০০ টায় শহীদুল্লাহ কলাভবনের ১৫০ নং কক্ষে ২য় সম্মিলনের প্রস্তুতির জন্য রাজশাহীতে সকল উপ-কমিটিকে নিয়ে রাজশাহীতে একটি বিশেষ সাধারণ সভা অনুষ্ঠানেরও সিদ্ধান্ত নেয়া হয়।

১১। বিবিধে আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আপেল আবদুল্লাহ্
সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই

প্রফেসর ড. পি, এম, সফিকুল ইসলাম
সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই